



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

অভ্যন্তরীণ সংগ্রহ শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

www.dgfood.gov.bd



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.৩২১.২১.১৩০

তারিখ: ৮ আষাঢ়, ১৪২৮

২২ জুন ২০২১

বিষয়: অভ্যন্তরীণ গম সংগ্রহ, ২০২১ এর আওতায় বিভাগভিত্তিক গমের সংশোধিত/সমন্বয়কৃত পুনঃনির্ধারিত লক্ষ্যমাত্রা।

সূত্র: খাদ্য অধিদপ্তরের স্মারক নং ১৩.০১.০০০০.০৯১.৪৫.৩২১.২১.৪৬, তারিখ: ০১/০৪/২০২১ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সূত্রস্থ স্মারকে চলতি অভ্যন্তরীণ গম সংগ্রহ, ২০২১ মৌসুমে ১,০০,০০০ মে:টন গমের লক্ষ্যমাত্রার উপজেলাওয়ারী বিভাজন প্রদান করা হয়েছে। প্রদত্ত লক্ষ্যমাত্রার বিপরীতে ২২/০৬/২০২১ তারিখ পর্যন্ত ৯৭৪১৮ মে:টন গম সংগৃহীত হয়েছে। গমের লক্ষ্যমাত্রা অনুযায়ী সংগ্রহের অবশিষ্ট পরিমাণ ২৫৮২ মে:টন। বরিশাল ও চট্টগ্রাম বিভাগে গম সংগ্রহের সম্ভাবনা না থাকায় এ ২টি বিভাগের গমের লক্ষ্যমাত্রা শূন্য করা হলো। অপরদিকে গম সংগ্রহের সম্ভাবনা বিবেচনা করে অবশিষ্ট ৫টি (সিলেট বিভাগ ব্যতিত) বিভাগে গমের লক্ষ্যমাত্রা সংশোধন/সমন্বয় করে পুনঃনির্ধারিত লক্ষ্যমাত্রা নিম্নে প্রদত্ত হলো।

ক্র: নং	বিভাগের নাম	মূল লক্ষ্যমাত্রা (মে:টন)	সংশোধিত/সমন্বয়কৃত লক্ষ্যমাত্রা (মে:টন)
১.	রাজশাহী	৩৮,৫২২	৩৮২২৪
২.	রংপুর	২৮,৩৬৬	৪২৬৭২
৩.	ঢাকা	১৬,৪১৮	১১৭৯২
৪.	ময়মনসিংহ	১৮০৬	৭৯৭
৫.	খুলনা	১২৩৯৩	৬৫১৫
৬.	চট্টগ্রাম	৭৪৫	০
৭.	বরিশাল	১৭৫০	০
মোট=		১,০০,০০০	১,০০,০০০

এক্ষণে, স্ব স্ব বিভাগের পুনঃনির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী আগামী ৩০/০৬/২০২১ খ্রি: তারিখের মধ্যে গম সংগ্রহ নিশ্চিত করতে হবে। এছাড়া স্ব স্ব বিভাগের পুনঃনির্ধারিত গমের লক্ষ্যমাত্রার জেলা-উপজেলাওয়ারী বিভাজন হিসাব ও অর্থ বিভাগ, সংগ্রহ বিভাগ ও এমআইএসএন্ডএম বিভাগে প্রেরণ করতে হবে।

২২-৬-২০২১

শেখ মুজিবুর রহমান
মহাপরিচালক (গ্রেড-১)


আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল)

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.৩২১.২১.১৩০/১(১২)

তারিখ: ৮ আষাঢ়, ১৪২৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩) পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৪) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়। মাননীয় খাদ্যমন্ত্রীর সদয় অবগতির জন্য।
- ৫) অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রটি জরুরিভিত্তিতে অদ্যই খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো।



২২-৬-২০২১

শেখ মুজিবুর রহমান
মহাপরিচালক (গ্রেড-১)